

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নং-স্বাসেবি/প্রশা-১/এডি/২সি-৭/২০০৬(অংশ-২)/২১৯


তারিখ: ০৫ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ
২২ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়: স্বাস্থ্য অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের ৩য় শ্রেণির জনবল নিয়োগে লিখিত পরীক্ষার পরিবর্তে বহু নির্বাচনী পরীক্ষা গ্রহণ।

- সূত্র: (১) জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.১৭০.০২২.২০.০০.০৪৩.২০১০-১৪৩, তারিখ: ০৫/০৫/২০১৩ খ্রি:
(২) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং-স্বাপকম/প্রশা-১/এডি/২সি-৭/২০০৬(অংশ-১)/১৮১৫,
তারিখ: ০৮/১১/২০১৫ খ্রি:
(৩) স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বা:অধি:/প্রশা-২/৩য় শ্রেণি নিয়োগ-৪/২০১৮/৬০০, তারিখ: ০২/০২/২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকসমূহের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহে ৩য় ও ৪র্থ শ্রেণির (১১-১৯ গ্রেড) জনবল নিয়োগের জন্য উক্ত অধিদপ্তরের পরিচালক (প্রশাসন)-কে সভাপতি করে সুনির্দিষ্ট নিয়োগ কমিটি রয়েছে (সূত্র-১ ও ২)। উক্ত কমিটিতে জনপ্রশাসন মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ এবং সরকারী কর্মকমিশনের প্রতিনিধি সদস্য হিসেবে অন্তর্ভুক্ত রয়েছেন। সর্বোপরি, 'বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮' এর তফসিল-২, ৩ ও ৪ এ ৩য় ও ৪র্থ শ্রেণির (১১-১৯ গ্রেড) কর্মচারী নিয়োগের পরীক্ষা গ্রহণ পদ্ধতি সুনির্দিষ্টভাবে উল্লেখ রয়েছে। পরীক্ষা কিভাবে বা কোন পদ্ধতিতে গ্রহণ করা হবে, সে বিষয়ে সংশ্লিষ্ট কমিটি নিয়োগ বিধিমালার নির্দেশনা অনুসরণ করে সিদ্ধান্ত গ্রহণ করবে। এ বিষয়ে স্বাস্থ্য সেবা বিভাগের পৃথকভাবে মতামত প্রদানের সুযোগ নেই।

২। এমতাবস্থায়, স্বাস্থ্য অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের ৩য় শ্রেণির জনবল নিয়োগ পরীক্ষার বিষয়ে সংশ্লিষ্ট নিয়োগ কমিটির মাধ্যমে বিদ্যমান নীতিমালা/বিধিমালার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


০৫/০২/২০২০
(মো: শাহাদত হোসেন কবির)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা

অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। অতিরিক্ত সচিব (প্রশাসন/অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও